সংবাদ

তারিখ 12 MAR 2012
পৃষ্ঠা ১৬ কলাম ৮

# মান যাচাইয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অ্যাক্রিডিটেশন কাউন্সিল

সংসদ বার্তা পরিবেশক

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মান যাচাইয়ে স্বতন্ত্র ও স্বাধীন অ্যাক্রিডিটেশন কাউন্সিল গঠনের প্রবিধানমালার খসড়া তৈরি করা হচ্ছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল জাতীয় সংসদে টেবিলে উত্থাপিত প্রশ্নোত্তরে জাতীয় পার্টির সংসদ সদস্য নূর-ই-হাসনা লিলি চৌধুরীর প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। অন্য এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, এ কাউন্সিল গঠন যাচাইয়ে : পৃষ্ঠা : ২ ক : ৭

## যাচাইয়ে : সরকারি

(১৬ পৃষ্ঠার পর)

হলে বিশ্ববিদ্যালয়গুলোর র‍্যাংকিংয়ের মাধ্যমে কোনটি মানসম্মত এবং কোনটি মানসম্মত নয়। তা যাচাই করা সম্ভব হবে। তিনি জানান, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর উচ্চশিক্ষার গুণগত মান বৃদ্ধি ও শিক্ষাব্যবস্থাকে শৃঙ্খলার মধ্যে আনার জন্য বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ প্রণয়ন করা হয়েছে। ওই আইনের ধারা ৩৮ অনুযায়ী অ্যাক্রিডিটেশন কাউন্সিলসংক্রান্ত প্রবিধানমালার খসড়া তৈরি করা হয়েছে।

শিক্ষামন্ত্রী বলেন, মানসম্মত নয় এমন বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং শিক্ষা মন্ত্রণালয়ও ব্যবস্থা নিয়ে থাকে। শিক্ষা মন্ত্রণালয় থেকে ইতোমধ্যে মানহীন সার্টিফিকেট সর্বস্ব বিশ্ববিদ্যালয় দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দুর্নীতি ও নৈরাজ্য বন্ধের লক্ষ্যে এক সদস্যবিশিষ্ট বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠন করা হয়েছে। এছাড়া পত্র-পত্রিকায় প্রকাশের পর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অভিযোগ তদন্তের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনও তদন্ত কমিটি গঠন করেছে। কমিটি তদন্ত কাজ চালিয়ে যাচ্ছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর শীঘ্রই তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

এছাড়াও আউটার ক্যাম্পাস স্থাপন ও সনদ বাণিজ্যসহ বিভিন্ন অনিয়মের অভিযোগে কুইন্স ইউনিভার্সিটি এবং আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটির কার্যক্রম বন্ধ ঘোষণা করেছে সরকার। এরপরও অ্যাক্রিডিটেশন কাউন্সিল গঠন করা হলে যেসব বিশ্ববিদ্যালয় মানসম্মত নয় তাদের বিরুদ্ধে প্রবিধানমালা অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

### দেশে ১ কোটি ২৯ লাখ প্রতিবন্ধী

এদিকে সাধনা হালদারের প্রশ্নের জবাবে সমাজ কল্যাণমন্ত্রী এনামুল হক মোস্তফা শহীদ জানান, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর হাউস হোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার জরিপ ২০১০ অনুযায়ী দেশের মোট জনসংখ্যার ৯ দশমিক ০৭ শতাংশ লোক প্রতিবন্ধী। তিনি জানান, আদমশুমারি ২০১১ এর প্রাথমিক প্রতিবেদন অনুযায়ী দেশের মোট জনসংখ্যা ১৪ কোটি ২৩ লাখ ১৯ হাজার বিবেচনায় মোট প্রতিবন্ধীর সংখ্যা ১ কোটি ২৯ লাখ ৮ হাজার। বিশ্বস্বাস্থ্য সংস্থার মতে, বাংলাদেশের মোট জনসংখ্যার ১০ ভাগ কোন না কোনভাবে প্রতিবন্ধী। মোয়াজ্জেম শাহ আলমের প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, গত জোট সরকারের আমলে ১৬ হাজার ৩৪১টি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে নিবন্ধন দেয়া হয়েছিল। এর মধ্যে গঠনতন্ত্রবিরোধী কাজে লিপ্ত থাকায় বর্তমান সরকারের আমলে ৪ হাজার ১৯০টি প্রতিষ্ঠানের নিবন্ধন বাতিল করা হয়।